অধ্যায়-৮

ত্রিকোণমিতি

অনুশীলনী-৮.১

অধ্যায়টি পড়ে যা জানতে পারবে—

১. রেডিয়ান পরিমাপের ধারণার ব্যাখ্যা।
২. রেডিয়ান পরিমাপ ও ডিগ্রী পরিমাপের পারস্পরিক সম্পর্ক নির্ণয়।
৩. চারটি চতুর্ভাগে ত্রিকোণমিতিক অনুপাতের চিহ্ন চিহ্নিতকরণ।

ষোড়শ শতাব্দীর ত্রিকোণমিতিবিদ, জ্যোতির্বিদ ও ধর্মতত্ত্ববিদ বার্থোলোমিউ পিটিসকাস *(Bartholomeo Pitiscus, 1561-1613)*। তাঁর বিখ্যাত লেখা *"Trigonometria : sive de solutione triangulorum tractatus brevis et perspicuus"*-এ *'Trigonometry'* শব্দটি প্রথম ব্যবহার করেন। তিনি *Rheticus* (হেটিকাস) এর ত্রিকোণমিতিক টেবিলের উন্নতি সাধন করেন।

১৩৮ অনুশীলনীর প্রশ্ন|
১০৫টি বহুনির্বাচনি প্রশ্ন ■ ৫৬টি সাধারণ বহুনির্বাচনি ■ ১৩টি বহুপদী সমাপ্তিসূচক ■ ৩৬টি অভিন্ন তথ্যভিত্তিক
১৯টি সৃজনশীল প্রশ্ন ■ ১টি শ্রেণির কাজ ■ ১০টি মাস্টার ট্রেইনার প্রণীত ■ ৮টি প্রশ্নব্যাংকে

অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

ক্যালকুলেটর ব্যবহার করে নিম্নের সমস্যাগুলোর সমাধান নির্ণয় কর। সমস্ত ক্ষেত্রে π এর আসন্ন মান চার দশমিক স্থান পর্যন্ত ব্যবহার কর ($\pi = 3.1416$)।

১. (ক) রেডিয়ানে প্রকাশ কর:
(i) 75°30′ (ii) 55°54′53″ (iii) 33°22′11″

সমাধান:

(i) $75°30' = \left(75\frac{30}{60}\right)°$

$= \left(75\frac{1}{2}\right)°$

$= \left(\frac{151}{2}\right)°$

$= \frac{151}{2} \times \frac{\pi}{180}$ রেডিয়ান $\left[\because 1° = \frac{\pi^c}{180}\right]$

$= 1.3177$ রেডিয়ান (প্রায়)

Ans. 1.3177 রেডিয়ান (প্রায়)।

বিকল্প সমাধান:

$75°30' = 75° + 30'$

$= 75° + \left(\frac{30}{60}\right)°$ $[\because 1° = 60']$

$= 75° + \left(\frac{1}{2}\right)°$

$= \left(75 + \frac{1}{2}\right)°$

$= \left(\frac{151}{2}\right)°$

$= \frac{151}{2} \times \frac{\pi^c}{180}$ $\left[\because 1° = \left(\frac{\pi}{180}\right)^c\right]$

$= \frac{151 \times 3.1416}{360}$ রেডিয়ান $[\because \pi = 3.1416]$

$= 1.3177$ রেডিয়ান (প্রায়)

Ans. 1.3177 রেডিয়ান (প্রায়)

[বিঃ দ্রঃ পাঠ্যবইয়ের উত্তরে ভুল আছে।]

(ii) $55°54'53'' = 55° + 54' + 53''$

$= 55° + 54' + \left(\frac{53}{60}\right)'$ $[\because 1'' = \left(\frac{1}{60}\right)']$

$= 55° + \left(54 + \frac{53}{60}\right)'$

$= 55° + \left(\frac{3293}{60}\right)'$

$= 55° + \left(\frac{3293}{60 \times 60}\right)°$ $[\because 1' = \left(\frac{1}{60}\right)°]$

$= \left(55 + \frac{3293}{3600}\right)°$

$= \left(\frac{201293}{3600}\right)°$

$= \frac{201293 \times \pi^c}{3600 \times 180}$ $[\because 1° = \frac{\pi^c}{180}]$

$= 0.310637345 \times 3.1416$ রেডিয়ান $[\because \pi = 3.1416]$

$= 0.9759$ রেডিয়ান (প্রায়)

Ans. 0.9759 রেডিয়ান (প্রায়)।

[বিঃ দ্রঃ পাঠ্যবইয়ের উত্তরে ভুল আছে।]

(iii) $33°22'11'' = 33°\left(22\frac{11}{60}\right)'$

$= 33°\left(\frac{1331}{60}\right)'$

$= \left(33\frac{1331}{60 \times 60}\right)°$

$= \left(\frac{120131}{3600}\right)°$

www.bdniyog.com

$= \frac{120131}{3600} \times \frac{\pi}{180}$ রেডিয়ান

$= \frac{120131\pi}{648000}$ রেডিয়ান

$= 0.5824$ রেডিয়ান (প্রায়)

$\therefore 33°22'11'' = 0.5824$ রেডিয়ান (প্রায়)

Ans. 0.5824 রেডিয়ান (প্রায়)।

[বিঃ দ্রঃ পাঠ্যবইয়ের উত্তরে ভুল আছে।]

(খ) ডিগ্রিতে প্রকাশ কর:

(i) $\frac{8\pi}{13}$ রেডিয়ান (ii) 1.3177 রেডিয়ান (iii) 0.9759 রেডিয়ান

সমাধান:

(i) $\frac{8\pi}{13}$ রেডিয়ান

$= \frac{8\pi}{13} \times \frac{180}{\pi}$ ডিগ্রি $\left[\because 1^c = \frac{180^\circ}{\pi}\right]$

$= \frac{1440}{13}$ ডিগ্রি

$= 110.76923$ ডিগ্রি

$= 110°46'9.23''$ [ক্যালকুলেটর ব্যবহার করে]

সুতরাং $\frac{8\pi}{13}$ রেডিয়ান $= 110°46'9.23''$

Ans. $110°46'9.23''$

বি:দ্র: পাঠ্যবইয়ের মূল প্রশ্ন $\frac{8x}{13}$ এর পরিবর্তে $\frac{8\pi}{13}$ হবে।

(ii) 1.3177 রেডিয়ান.

$= 1.3177 \times \frac{180}{\pi}$ ডিগ্রি $\left[\because 1^c = \frac{180^\circ}{\pi}\right]$

$= \frac{237.186}{\pi}$ ডিগ্রি

$= \frac{237.186}{3.1416}$ ডিগ্রি $[\because \pi = 3.1416]$

$= 75.49847$ ডিগ্রি

$= 75°29'54.5''$ [ক্যালকুলেটর ব্যবহার করে]

সুতরাং, 1.3177 রেডিয়ান $= 75°29'54.5''$

Ans. $75°29'54.5''$

(iii) 0.9759 রেডিয়ান

$= 0.9759 \times \frac{180}{\pi}$ ডিগ্রি $\left[\because 1^c = \frac{180^\circ}{\pi}\right]$

$= \frac{175.662}{\pi}$ ডিগ্রি

$= \frac{175.662}{3.1416}$ ডিগ্রি $[\because \pi = 3.1416]$

$= 55.91495$ ডিগ্রি

$= 55°54'53.35''$ [ক্যালকুলেটর ব্যবহার করে]

সুতরাং, 0.9759 রেডিয়ান $= 55°54'53.35''$

Ans. $55°54'53.35''$

২. একটি কোণকে ষাটমূলক ও বৃত্তীয় পদ্ধতিতে যথাক্রমে D° এবং R^c দ্বারা প্রকাশ করা হলে, প্রমাণ কর যে, $\frac{D}{180} = \frac{R}{\pi}$.

সমাধান: দেওয়া আছে, ষাটমূলকে কোনো কোণের পরিমাণ D° এবং বৃত্তীয় পদ্ধতিতে তার মান R^c

ডিগ্রি ও রেডিয়ান কোণের সম্পর্ক অনুসারে, $1^\circ = \frac{\pi^c}{180}$

$\therefore D^\circ = \left(\frac{D\pi}{180}\right)^c$

প্রশ্নমতে, $\frac{D\pi}{180} = R$

$\therefore \frac{D}{180} = \frac{R}{\pi}$ (প্রমাণিত)

৩. একটি চাকার ব্যাসার্ধ 2 মিটার 3 সে.মি. হলে চাকার পরিধির আসন্ন মান চার দশমিক স্থান পর্যন্ত নির্ণয় কর।

সমাধান: দেওয়া আছে,

চাকার ব্যাসার্ধ, r = 2 মিটার 3 সে.মি.

= 2.03 মিটার

জানা আছে, চাকার পরিধি $= 2\pi r$ মিটার

$= 2 \times 3.1416 \times 2.03$ মিটার

= 12.7549 মিটার (প্রায়)

$\therefore$ চাকাটির নির্ণেয় পরিধি = 12.7549 মিটার (প্রায়)

Ans. 12.7549 মিটার (প্রায়)

৪. একটি গাড়ির চাকার ব্যাস 0.84 মিটার এবং চাকাটি প্রতি সেকেন্ডে 6 বার ঘুরে। গাড়িটির গতিবেগ নির্ণয় কর।

সমাধান : দেওয়া আছে, চাকাটির ব্যাস = 0.84 মিটার

$\therefore$ চাকাটির ব্যাসার্ধ, $r = \frac{0.84}{2}$ মিটার $= 0.42$ মিটার

$\therefore$ চাকাটির পরিধি $= 2\pi r$

$= 2 \times 3.1416 \times 0.42$ মিটার

= 2.6389 মিটার

$\therefore$ চাকাটি একবার ঘুরে 2.6389 মিটার দূরত্ব অতিক্রম করে।

আবার, প্রতি সেকেন্ডে চাকাটি 6 বার ঘুরে।

সুতরাং, 1 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব 2.6389×6 মিটার

$\therefore$ 1 ঘণ্টায় অতিক্রান্ত দূরত্ব $2.6389 \times 6 \times 60 \times 60$ মিটার

= 57001.1904 মিটার

$= \frac{57001.1904}{1000}$ কি.মি.

= 57.0012 কি.মি.

$\therefore$ গাড়ির গতিবেগ ঘণ্টায় 57 কি.মি. (প্রায়)

$\therefore$ নির্ণেয় গতিবেগ 57 কি.মি./ঘন্টা (প্রায়)

Ans. 57 কি.মি./ঘণ্টা (প্রায়)

৫. কোনো ত্রিভুজের কোণ তিনটির অনুপাত 2 : 5 : 3; ক্ষুদ্রতম ও বৃহত্তম কোণের বৃত্তীয় মান কত?

সমাধান: দেওয়া আছে, ত্রিভুজের কোণগুলোর অনুপাত 2 : 5 : 3

মনে করি, কোণ তিনটি যথাক্রমে $2x^c$, $5x^c$ ও $3x^c$

আমরা জানি, ত্রিভুজের তিন কোণের সমষ্টি π^c.

$\therefore 2x + 5x + 3x = \pi$

বা, $10x = \pi$

$\therefore x = \frac{\pi}{10}$

$\therefore$ কোণ তিনটি যথাক্রমে $2 \times \frac{\pi^c}{10}$, $5 \times \frac{\pi^c}{10}$ ও $3 \times \frac{\pi^c}{10}$

অর্থাৎ $\frac{\pi^c}{5}, \frac{\pi^c}{2}, \frac{3\pi^c}{10}$

www.bdniyog.com

$\therefore$ বৃহত্তম কোণ $= \frac{\pi^c}{2}$

এবং ক্ষুদ্রতম কোণ $= \frac{\pi^c}{5}$

উত্তর: ক্ষুদ্রতম কোণের বৃত্তীয় মান $\frac{\pi^c}{5}$

বৃহত্তম কোণের বৃত্তীয় মান $\frac{\pi^c}{2}$

৬. একটি ত্রিভুজের কোণগুলো সমান্তর শ্রেণীভুক্ত এবং বৃহত্তম কোণটি ক্ষুদ্রতম কোণের দ্বিগুণ। কোণগুলোর রেডিয়ান পরিমাপ কত?

সমাধান: মনে করি, ক্ষুদ্রতম কোণ $= A^c$

$\therefore$ বৃহত্তম কোণ $= 2A^c$

কোণগুলো সমান্তর শ্রেণীভুক্ত হলে অন্য কোণটি $= \frac{A^c + 2A^c}{2}$

$= \frac{3}{2}A^c$

আমরা জানি, ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই সমকোণ বা π^c

$$A + \frac{3A}{2} + 2A = \pi$$

বা, $\frac{9A}{2} = \pi$

$\therefore A = \frac{2\pi}{9}$

সুতরাং $\frac{3A}{2} = \frac{3}{2} \times \frac{2\pi}{9} = \frac{\pi}{3}$

এবং $2A = 2 \times \frac{2\pi}{9}$ এবং $\frac{4\pi}{9}$

Ans. কোণ তিনটি যথাক্রমে $\frac{2\pi^c}{9}, \frac{\pi^c}{3}, \frac{4\pi^c}{9}$

৭. পৃথিবীর ব্যাসার্ধ 6440 কি.মি.। ঢাকা ও চট্টগ্রাম পৃথিবীর কেন্দ্রে 5° কোণ উৎপন্ন করে। ঢাকা ও চট্টগ্রামের দূরত্ব কত?

সমাধান: দেওয়া আছে, ব্যাসার্ধ, $r = 6440$ কি.মি.

কেন্দ্রে উৎপন্ন কোণ,

$\theta = 5°$

$= 5 \times \frac{\pi}{180}$ রেডিয়ান

$= \frac{\pi}{36}$ রেডিয়ান



$\therefore$ ঢাকা ও চট্টগ্রামের দূরত্ব, $s = r\theta$.

$= 6440 \times \frac{\pi}{36}$ কি.মি.

$= \frac{6440 \times 3.1416}{36}$ কি.মি.

$= \frac{20231.904}{36}$ কি.মি.

$= 561.9973$ কি. মি.

$= 562$ কি.মি. (প্রায়)

Ans. 562 কি.মি. (প্রায়)

৮. পৃথিবীর ব্যাসার্ধ 6440 কি.মি.। টেকনাফ ও তেতুলিয়া পৃথিবীর কেন্দ্রে 10°6'3" কোণ উৎপন্ন করে। টেকনাফ ও তেতুলিয়ার মধ্যবর্তী দূরত্ব কত?

সমাধান: দেওয়া আছে, ব্যাসার্ধ, $r = 6440$ কি.মি.



কেন্দ্রে উৎপন্ন কোণ, $\theta = 10°6'3"$

$= 10°\left(6\frac{3}{60}\right)' = 10°\left(6\frac{1}{20}\right)'$

$= 10°\left(\frac{121}{20}\right)' = \left(10\frac{121}{20 \times 60}\right)°$

$= \left(10\frac{121}{1200}\right)° = \left(\frac{12121}{1200}\right)°$

$= \frac{12121}{1200} \times \frac{\pi}{180}$ রেডিয়ান

$= \frac{12121\pi}{216000}$ রেডিয়ান

$\therefore$ টেকনাফ ও তেতুলিয়ার মধ্যবর্তী দূরত্ব,

$s = r\theta$.

$= 6440 \times \frac{12121\pi}{216000}$ কি.মি.

$= \frac{78059240\pi}{216000}$ কি.মি.

$= \frac{78059240 \times 3.1416}{216000}$ কি.মি.

$= 1135.3$ কি.মি. (প্রায়)

Ans. 1135.3 কি.মি. (প্রায়)

৯. শাহেদ একটি সাইকেলে চড়ে বৃত্তাকার পথে 11 সেকেন্ডে একটি বৃত্তচাপ অতিক্রম করে। যদি চাপটি কেন্দ্রে 30° কোণ উৎপন্ন করে এবং বৃত্তের ব্যাস 201 মিটার হয়, তবে শাহেদের গতিবেগ কত?

সমাধান: দেওয়া আছে, বৃত্তের ব্যাস, $D = 2r = 201$ মিটার

$\therefore$ ব্যাসার্ধ, $r = \frac{201}{2}$ মিটার

$= 100.5$ মিটার.

কেন্দ্রে উৎপন্ন কোণ, $\theta = 30° = 30 \times \frac{\pi}{180}$ রেডিয়ান $= \frac{\pi}{6}$ রেডিয়ান

[$\because 1° = \frac{\pi}{180}$ রেডিয়ান]

আমরা জানি, চাপের দৈর্ঘ্য,

$s = r\theta$

$= 100.5 \times \frac{\pi}{6}$ মিটার

$= \frac{100.5\pi}{6}$ মিটার

$= \frac{100.5 \times 3.1416}{6}$ মিটার

$= \frac{315.7308}{6}$ মিটার

$= 52.6218$ মিটার

অর্থাৎ, শাহেদ 11 সেকেন্ডে অতিক্রম করে 52.6218 মিটার

$\therefore$ " 1 " " " $\frac{52.6218}{11}$ মিটার

$= 4.7838$ মিটার

$= 4.78$ মিটার (প্রায়)

$\therefore$ শাহেদের গতি বেগ $= 4.78$ মিটার/সেকেন্ড (প্রায়)

Ans. 4.78 মিটার/সেকেন্ড (প্রায়)

www.bdniyog.com

১০. পৃথিবীর ব্যাসার্ধ 6440 কি.মি.। পৃথিবীর উপরের যে দুইটি স্থান কেন্দ্রে 32″ কোণ উৎপন্ন করে তাদের দূরত্ব কত?

সমাধান:



আমরা জানি, r ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের চাপ s কেন্দ্রে θ কোণ উৎপন্ন করলে $s = r\theta$

এখানে, $\theta = 32''$

$$= \frac{32^{\circ}}{60\times 60} \quad [\because 1^{\circ} = 60' \text{ এবং } 1' = 60'']$$

$$= \frac{32\times \pi}{60\times 60\times 180} \text{ রেডিয়ান} \quad \left[\because 1^{\circ} = \frac{\pi^{c}}{180}\right]$$

$r = 6440$ কি.মি. এবং চাপ s স্থান দুইটির মধ্যবর্তী দূরত্ব নির্দেশ করে

$$\therefore s = r\theta$$

$$= 6440 \times \frac{32\times \pi}{60\times 180\times 60}$$

$$= \frac{6440\times 32\times 3.1416}{60\times 60\times 180} \quad [\because \pi = 3.1416]$$

$$= 0.9991 \text{ কি.মি.} \approx 1 \text{ কি.মি.}$$

Ans. স্থান দুইটির মধ্যবর্তী দূরত্ব 1 কি.মি. (প্রায়)

১১. সকাল 9.30 টায় ঘড়ির ঘণ্টার কাঁটা ও মিনিটের কাঁটার অন্তর্গত কোণকে রেডিয়ানে প্রকাশ কর।

[সংকেত: এক ঘর কেন্দ্রে $\frac{360^{\circ}}{60} = 6^{\circ}$ ডিগ্রি কোণ উৎপন্ন করে। 9.30 টায় ঘণ্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যে ব্যবধান $\left(15 + 2\frac{1}{2}\right)$ বা $17\frac{1}{2}$ ঘর]

সমাধান : 60 মিনিটে ঘড়ির মিনিটের কাঁটা 60টি ঘর অতিক্রম করে এবং 60 মিনিটে ঘণ্টার কাঁটা 5টি ঘর অতিক্রম করে। সুতরাং ঘণ্টার কাঁটা প্রতি মিনিটে $\frac{5}{60}$ বা $\frac{1}{12}$ ঘর অতিক্রম করে।

আবার, ঘড়ির ডায়াল বা মুখপাত্রের 60টি ঘর কেন্দ্রে চার সমকোণ বা 360° কোণ ধারণ করে।

$\therefore$ একটি ঘর কেন্দ্রে $\frac{360^{\circ}}{60} = 6^{\circ}$ কোণ ধারণ করে। 9.30 মিনিটের সময় মিনিটের কাঁটা 6 এর দাগে অবস্থান করে এবং ঘণ্টার কাঁটা 9 টার দাগ থেকে 30 মিনিটে $\frac{30}{12}$ বা $2\frac{1}{2}$ ঘর আগে সরে যায়।

সুতরাং, 9.30 মিনিটে দুইটি কাঁটার মধ্যে ব্যবধান (6 এর দাগ থেকে 9 এর দাগ পর্যন্ত) 15 ঘর + $2\frac{1}{2}$ ঘর = $17\frac{1}{2}$ ঘর।

যেহেতু 1 ঘর কেন্দ্রে 6° কোণ ধারণ করে

$\therefore 17\frac{1}{2}$ ঘর কেন্দ্রে $17\frac{1}{2} \times 6^{\circ} = 105^{\circ}$ কোণ ধারণ করে

আমরা জানি, $1^{\circ} = \frac{\pi}{180}$ রেডিয়ান

$$\therefore 105^{\circ} = \left(\frac{\pi}{180}\times 105\right)^{c}$$

$$= 1.833 \text{ রেডিয়ান (প্রায়)}$$

Ans. 1.833 রেডিয়ান (প্রায়)

১২. এক ব্যক্তি বৃত্তাকার পথে ঘণ্টায় 6 কি. মি. বেগে দৌড়ে 36 সেকেন্ডে যে বৃত্তচাপ অতিক্রম করে তা কেন্দ্রে 60° কোণ উৎপন্ন করে। বৃত্তের ব্যাস নির্ণয় কর।

সমাধান: মনে করি, বৃত্তের ব্যাসার্ধ = r মিটার

আমরা জানি, 1 ঘণ্টা = 3600 সেকেন্ড

আবার, 6 কি.মি. = 6 × 1000 মিটার

সুতরাং, লোকটি 3600 সেকেন্ড অতিক্রম করে 6 × 1000 মিটার পথ

$\therefore$,, 36 ,, ,, ,, $\frac{6\times 1000\times 36}{3600}$,,

= 60 মিটার পথ

যদি 36 সেকেন্ডে উৎপন্ন বৃত্তচাপটি AB চাপ হয় তাহলে AB চাপের দৈর্ঘ্য, s = 60 মিটার

দেওয়া আছে, কেন্দ্রে উৎপন্ন কোণ,

$$\theta = 60^{\circ}$$

$$= 60 \times \frac{\pi}{180} \text{ রেডিয়ান} \quad \left[\because 1^{\circ} = \frac{\pi^{c}}{180}\right]$$

$$= \frac{\pi}{3} \text{ রেডিয়ান}$$

আমরা জানি, $s = r\theta$

বা, $60 = r \times \frac{\pi}{3}$

বা, $r = \frac{60\times 3}{\pi}$

বা, $r = \frac{60\times 3}{3.1416}$

$\therefore r = 57.29564553$

$\therefore$ বৃত্তের ব্যাস = 2r

= 2 × 57.29564553 মিটার

= 114.59 মিটার (প্রায়)

$\therefore$ নির্ণেয় ব্যাস = 114.59 মিটার (প্রায়)

Ans. 114.59 মিটার (প্রায়)

১৩. 750 কিলোমিটার দূরে একটি বিন্দুতে কোনো পাহাড় 8′ কোণ উৎপন্ন করে। পাহাড়টির উচ্চতা নির্ণয় কর।

সমাধান: আমরা জানি, r ব্যাসার্ধের বৃত্তের কেন্দ্রে s চাপ θ কোণ উৎপন্ন করলে, $s = r\theta$.

এখানে, $\theta = 8' = \frac{8^{\circ}}{60} = \frac{8}{60}\times \frac{\pi}{180}$ রেডিয়ান

এবং r = 750 কি.মি.

$\therefore$ পাহাড়ের উচ্চতা,

$$s = r\theta.$$

$$= 750 \times \frac{8}{60}\times \frac{\pi}{180} \text{ কি.মি.}$$

= 1.745 কি.মি. বা 1745 মিটার

= 1.745 কি.মি. (প্রায়) বা 1745 মিটার (প্রায়)

$\therefore$ নির্ণেয় উচ্চতা = 1.745 কি.মি. (প্রায়) বা 1745 মিটার (প্রায়)

Ans. 1.745 কি.মি. (প্রায়) বা 1745 মিটার (প্রায়)

www.bdniyog.com

মাস্টার ট্রেইনার প্রণীত সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

★★★ ৮.১ জ্যামিতিক কোণ ও ত্রিকোণমিতিক কোণ | Text পৃষ্ঠা-১৩৩

- XOX′ ও YOY′ একজোড়া সরলরেখা O বিন্দুতে লম্বভাবে ছেদ করায় যে 4টি সমকোণ উৎপন্ন হয়, তাদের প্রত্যেকটি এক একটি চতুর্ভাগ।
- OX রেখা থেকে ঘড়ির কাঁটার বিপরীত দিকে সমকোণে ঘুরে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ চতুর্ভাগ চিহ্নিত করা হয়।
- ত্রিকোণমিতিতে চার সমকোণের চেয়ে বৃহত্তর কোণ উৎপন্ন হতে পারে।

১. সমতল জ্যামিতিতে কোণের আলোচনা কত সরলকোণ পর্যন্ত সীমিত রাখা হয়? (সহজ)

ক 2 খ 3 গ 4 ঘ 8 — ক

২. OA রশ্মির অবস্থান XOX′-এ, ত্রিকোণমিতিতে XOX′ এর সাথে OA এর উৎপন্ন কোণের পরিমাণ কত ডিগ্রি? (সহজ)

ক 0 খ 90 গ 270 ঘ 360 — ক

৩. 90° থেকে বড় এবং 180° থেকে ছোট কোনো কোণ কোন চতুর্ভাগে অবস্থিত। (সহজ)

ক ১ম খ ২য় গ ৩য় ঘ ৪র্থ — খ

৪. কোণকে θ দ্বারা প্রকাশ করলে ৩য় চৌকোণের সীমা কোনটি? (সহজ)

ক $0° < \theta° < 90°$ খ $90° < \theta < 180°$
গ $180° < \theta < 270°$ ঘ $270° < \theta < 360°$ — গ

৫. কোনো কোণের ডিগ্রি পরিমাণ θ এবং $180° < \theta < 270°$ হলে θ কোন চতুর্ভাগে অবস্থিত? (সহজ)

ক ১ম খ ২য় গ ৩য় ঘ ৪র্থ — গ

৬. কোনো কোণের ডিগ্রি পরিমাণ – 120° হলে তা কোন চতুর্ভাগে অবস্থিত? (সহজ)

ক ১ম খ ২য় গ ৩য় ঘ ৪র্থ — গ

৭. চিত্রে OX রেখা থেকে ঘড়ির কাঁটার বিপরীত দিকে ঘুরতে থাকলে—



i. প্রথম সমকোণের অভ্যন্তরকে প্রথম চতুর্ভাগ বলে।
ii. দ্বিতীয় সমকোণের অভ্যন্তরকে দ্বিতীয় চতুর্ভাগ বলে।
iii. চতুর্থ সমকোণের অভ্যন্তরকে তৃতীয় চতুর্ভাগ বলে।

নিচের কোনটি সঠিক? (সহজ)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ক

৮.



চিত্রে —

i. OA রশ্মি ২য় চতুর্ভাগে অবস্থিত।
ii. ∠XOA এর মান মান 180°।
iii. ∠XOX′ এর মান 0°।

নিচের কোনটি সঠিক? (সহজ)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — খ

ব্যাখ্যা: ∠XOA এর আদি অবস্থান ∠XOX′ তাই ∠XOX′ এর মান 0°

নিচের উদ্দীপকটি পড়ে (৯-১১) নং প্রশ্নের উত্তর দাও।



OA একটি ঘূর্ণায়মান রশ্মি OX স্থির রশ্মির অবস্থান থেকে ঘড়ির কাঁটার বিপরীত দিকে ঘুরছে।

৯. $\angle XOA_1$ কী কোণ উৎপন্ন করে? (সহজ)

ক স্থূলকোণ খ সূক্ষ্মকোণ গ সমকোণ ঘ প্রবৃদ্ধ কোণ — খ

১০. $\angle XOX' =$ কত ডিগ্রি? (সহজ)

ক 0 খ 90 গ 180 ঘ 360 — গ

১১. OA রশ্মিটি সম্পূর্ণরূপে একবার ঘুরে পুনরায় OA অবস্থানে আসলে, $\angle XOA_1 =$ কত ডিগ্রি? (মধ্যম)

ক 45° খ 315° গ 360° ঘ 405° — ঘ

ব্যাখ্যা: $\angle XOA_1 = 360° + 45° = 405°$

★★★ ৮.৩ ধনাত্মক ও ঋণাত্মক কোণ | Text পৃষ্ঠা-১৩৪

- কোনো রাশিকে ঘড়ির কাঁটার বিপরীত দিকে ঘুরালে ধনাত্মক কোণ ও ঘড়ির কাঁটার দিকে ঘুরালে ঋণাত্মক কোণ উৎপন্ন হয়।
- বিভিন্ন চতুর্ভাগে কোণের অবস্থান
  ১ম চতুর্ভাগ = $0° < \theta < 90°, 360° < \theta < 450°$ .....
  ২য় চতুর্ভাগ = $90° < \theta < 180°, 450° < \theta < 540°$ .....
  ৩য় চতুর্ভাগ = $180° < \theta < 270°, 540° < \theta < 630°$ .....
  ৪র্থ চতুর্ভাগ = $270° < \theta < 360°, 630° < \theta < 720°$ .....

১২. চিত্রে $\angle XOA =$ কত ডিগ্রি? (মধ্যম)



ক $90 + \theta$ খ $90 - \theta$ গ $-(90 + \theta)$ ঘ $-90 + \theta$ — গ

১৩. $(-90°)$ এর চেয়ে বড় এবং 0° এর চেয়ে ছোটো কোণ কোন চতুর্ভাগে থাকবে? (সহজ)

ক ১ম খ ২য় গ ৩য় ঘ ৪র্থ — ঘ

১৪. $(-98°)$ কোণের অবস্থান কোন চতুর্ভাগে? (সহজ) [ফরিদপুর জিলা স্কুল, ফরিদপুর; হবিগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ; মোহাম্মদপুর প্রিপারেটরী উচ্চ মাধ্যমিক (বালিকা) বিদ্যালয়, ঢাকা]

ক ১ম খ ২য় গ ৩য় ঘ ৪র্থ — গ

১৫. নিচের কোন কোণটি ৪র্থ চতুর্ভাগে অবস্থিত? (মধ্যম)

ক 770° খ 640° গ $-370°$ ঘ $-100°$ — গ

১৬. 550° কোণটি কোন চতুর্ভাগে অবস্থান করবে? (সহজ)
[রাজশাহী গভঃ ল্যাবরেটরী হাই স্কুল, রাজশাহী]

ক ১ম খ ২য় গ ৩য় ঘ ৪র্থ — গ

১৭. $(-80°)$ কোণটি কোন চতুর্ভাগে অবস্থান করবে? (সহজ) [ভি. জে সরকারি মাধ্যমিক বিদ্যালয়, চুয়াডাঙ্গা; রাজশাহী গভঃ ল্যাবরেটরী হাই স্কুল, রাজশাহী; সরকারি মুসলিম উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]

ক ১ম খ ২য় গ ৩য় ঘ ৪র্থ — ঘ

www.bdniyog.com

১৮. নিচের কোন কোণটি তৃতীয় চতুর্ভাগে অবস্থিত? (মধ্যম)

ক $-550°$ খ $-495°$ গ $175°$ ঘ $495°$ **খ**

১৯. নিচের চিত্রে XOA কোণটি—



i. ঋণাত্মক।
ii. ঘড়ির কাঁটার দিকে 8 সমকোণের চেয়ে বেশি ঘুরেছে
iii. চতুর্থ চতুর্ভাগে অবস্থিত

নিচের কোনটি সঠিক? (সহজ)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

২০. কোনো রশ্মি—

i. ঘড়ির কাঁটার দিকে ঘুরে ঋণাত্মক কোণ উৎপন্ন করে।
ii. ঘড়ির কাঁটার বিপরীত দিকে ঘুরে ধনাত্মক কোণ উৎপন্ন করে।
iii. X অক্ষ বরাবর অবস্থান করলে 0° কোণ উৎপন্ন করে।

নিচের কোনটি সঠিক? (কঠিন)

ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **গ**

২১. কোনো কোণের মান $-1320°$ হলে—

i. কোণটি ঋণাত্মক কোণ।
ii. কোণটি ঘড়ির কাঁটার দিকে ঘুরে।
iii. কোণটির অবস্থান ২য় চতুর্ভাগে।

নিচের কোনটি সঠিক? (কঠিন)

ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **গ**

নিচের তথ্যের ভিত্তিতে (২২-২৪) নং প্রশ্নের উত্তর দাও।

$\angle XOA_1$ ও $\angle XOA_2$ কোণদ্বয়ের সাংখ্যিক মান সমান এবং $\angle XOA_2 = 585°$।



২২. XOA_1 কোণটি কিরূপ? (সহজ)

ক স্থূলকোণী খ প্রবৃদ্ধকোণী
গ ধনাত্মক ঘ ঋণাত্মক **গ**

২৩. $\angle XOA_1$ = কত ডিগ্রি? (সহজ)

ক -585 খ -495 গ 495 ঘ 585 **ক**

২৪. $\angle XOA_1 + \angle XOA_2$ = কত ডিগ্রি? (সহজ)

ক -585 খ 0 গ 585 ঘ 1170 **খ**

★★★ ৮. কোণ পরিমাপের একক [Text পৃষ্ঠা ১৩৮]

- কোণ পরিমাপের একক সাধারণত ২টি, ষাটমূলক ও বৃত্তীয়।
- ষাটমূলক পদ্ধতিতে সমকোণকে কোণ পরিমাপের একক ধরা হয়।
- 1′ (মিনিট) = 60″ (সেকেন্ড), 1° = 60′ (মিনিট), 1 সমকোণ = 90°
- ব্যাসার্ধের সমান চাপ বৃত্তের কেন্দ্রের সাথে যে কোণ তৈরি করে, তাই এক রেডিয়ান।
- বৃত্তীয় পদ্ধতিতে রেডিয়ানকে কোণ পরিমাপের একক ধরা হয়।
- রেডিয়ান কোণ ধ্রুব কোণ।
- বৃত্তের একই চাপ দ্বারা উৎপন্ন কেন্দ্রস্থ কোণ ঐ বৃত্তচাপের সমানুপাতিক।
- যেকোনো দুইটি বৃত্তের স্ব-স্ব পরিধি ও ব্যাসের অনুপাত সমান।

২৫. ষাটমূলক পদ্ধতিতে কোণ পরিমাপের একক নিচের কোনটি? (সহজ) [আইডিয়াল স্কুল, ঢাকা]

ক সমকোণ খ ডিগ্রি গ মিনিট ঘ রেডিয়ান **ঘ**

২৬. 1° এর 60 ভাগের এক ভাগ = কত? (সহজ)

ক 1^c খ $1'$ গ $1''$ ঘ $30''$ **গ**

২৭. সেকেন্ড পরিমাণের একক নিচের কোনটি? (সহজ)

ক (″) খ (′) গ (°) ঘ (c^h) **ক**

২৮. বৃত্তীয় পদ্ধতিতে কোণ পরিমাপের একক নিচের কোনটি? (সহজ) [এস.ভি.এস বালিকা বিদ্যালয়, কিশোরগঞ্জ; ভি. জে সরকারি মাধ্যমিক বিদ্যালয়, চুয়াডাঙ্গা; সরকারি করোনেশন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা; মাতৃপীঠ সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর; চট্টগ্রাম সিটি কর্পোরেশন আন্তঃবিদ্যালয়; রাজশাহী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, হেলেনাবাদ]

ক সমকোণ খ ডিগ্রি গ সেকেন্ড ঘ রেডিয়ান **ঘ**

২৯. O কেন্দ্রবিশিষ্ট PQR বৃত্তে $\angle POQ$ এক রেডিয়ান হলে, নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক $OP = PQ$ খ $OP < PQ$
গ $OP \neq PQ$ ঘ $OP > PQ$ **ক**

৩০. 45° = কত মিনিট কোণ? (সহজ)

ক 4050 খ 2700 গ 2025 ঘ 1350 **খ**

৩১. 55.3° = নিচের কোনটি? (মধ্যম)

ক 55°27′ খ 55°18′ গ 55°12′ ঘ 55°12′6″ **খ**

৩২. 74°36′ = নিচের কোনটি? (মধ্যম) [নরসিংদী বালিকা উচ্চ বিদ্যালয়]

ক 74.4° খ 74.6° গ 74.7° ঘ 74.15° **খ**

৩৩. 34°48′ 54″ = নিচের কোনটি? (কঠিন) [চট্টগ্রাম সিটি কর্পোরেশন আন্তঃবিদ্যালয়]

ক 34.615° খ 34.715° গ 34.815° ঘ 34.915° **গ**

৩৪. চিত্রে OP = PQ = r হলে, $\angle POQ$ = ? (মধ্যম)



ক 1 সমকোণ খ 1 রেডিয়ান
গ r ঘ 180° **খ**

৩৫. বৃত্তের কোনো নির্দিষ্ট চাপের উপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণের পরিমাণ 1 রেডিয়ান হলে ব্যাসার্ধ ও চাপের অনুপাত কত? (মধ্যম)

ক 1 : 4 খ 1 : 2 গ 2 : 1 ঘ 1 : 1 **ঘ**

৩৬. কোনো বৃত্তের 6 সে.মি. চাপের উপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণের পরিমাণ 1 রেডিয়ান হলে বৃত্তের ব্যাস কত সে.মি.? (মধ্যম)

ক 12 খ 6 গ 3 ঘ 2 **খ**

৩৭. দুইটি বৃত্তের ব্যাস যথাক্রমে 12 সে.মি. ও 8 সে.মি.। ১ম বৃত্তের পরিধি 36 সে.মি. হলে ২য় বৃত্তের পরিধি কত সে.মি.? (কঠিন)

ক 48 খ 36 গ 24 ঘ 12 **গ**

ব্যাখ্যা: ১ম বৃত্তের $\frac{\text{পরিধি}}{\text{ব্যাস}}$ = ২য় বৃত্তের $\frac{\text{পরিধি}}{\text{ব্যাস}}$

বা, $\frac{36}{12} = \frac{\text{পরিধি}}{4}$

বা, পরিধি $= \frac{36 \times 8}{12} = 24$

৩৮. M কেন্দ্রবিশিষ্ট বৃত্তের SP চাপ দ্বারা উৎপন্ন কেন্দ্রস্থ কোণ $\angle SMP$ হলে, নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক $\angle SMP \propto SP$ খ $\angle SMP \propto \frac{1}{SP}$
গ $\angle SMP \propto SP^2$ ঘ $\angle SMP \propto \frac{1}{SP^2}$ **ক**

৩৯. বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত নিচের কোনটি? (সহজ) [ভি. জে সরকারি মাধ্যমিক বিদ্যালয়, চুয়াডাঙ্গা; সরকারী পি. এন বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী; রাজশাহী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, হেলেনাবাদ]

ক π খ r গ R ঘ ∞ **ক**

www.bdniyog.com

৪০. একটি চাকার ব্যাসার্ধ 10 সে.মি.। চাকাটি একবার ঘুরলে কত সে.মি. দূরত্ব অতিক্রম করবে? (মধ্যম) [আইডিয়াল স্কুল, ঢাকা]

ক 5π খ 10π গ 15π ঘ 20π **খ**

৪১. দুইটি বৃত্তের পরিধির অনুপাত 2 : 1 এবং বৃহত্তম বৃত্তের ব্যাসার্ধ 2.5 একক হলে ক্ষুদ্রতম বৃত্তের ব্যাস কত একক? (মধ্যম)

ক 2.5 খ 5 গ 7.5 ঘ 10 **ক**

ব্যাখ্যা: মনে করি, বৃহত্তম বৃত্তের পরিধি = 2x

ক্ষুদ্রতম বৃত্তের পরিধি = x

$\therefore \frac{2x}{2 \times 2.5} = \frac{x}{\text{ক্ষুদ্রতম বৃত্তের ব্যাস}}$

$\therefore$ ক্ষুদ্রতম বৃত্তের ব্যাস $= \frac{5x}{2x} = 2.5$

৪২. একটি বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত 44 : 7 এবং অপর একটি বৃত্তের ব্যাস 14 একক হলে পরিধি কত একক? (মধ্যম)

ক 176 খ 132 গ 88 ঘ 44 **গ**

৪৩.



চিত্রে, বৃত্তের পরিধি 160 একক এবং OB ব্যাসার্ধের উপর OA লম্ব হলে AB চাপের দৈর্ঘ্য কত একক? (মধ্যম)

ক 120 খ 80 গ 40 ঘ 20 **গ**

৪৪. ষাটমূলক পদ্ধতিতে —

i. $1' = 60''$

ii. $1° = 540''$

iii. 1 সমকোণ = 5400′

নিচের কোনটি সঠিক? (কঠিন)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

৪৫. যেকোনো বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত —

i. অপর একটি বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাতের সমান।

ii. সর্বদা সমান ও একই ধ্রুব সংখ্যা।

iii. π দ্বারা প্রকাশ করা হয়।

নিচের কোনটি সঠিক? (কঠিন)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

৪৬. বৃত্তের ব্যাসার্ধ 2.5 একক হলে —

i. পরিধি 5π একক।

ii. ব্যাস 5 একক।

iii. পরিধি ও ব্যাসের অনুপাত 2π।

নিচের কোনটি সঠিক? (কঠিন)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

৪৭. M কেন্দ্রবিশিষ্ট বৃত্তের পরিধি ও ব্যাসার্ধ যথাক্রমে P ও R এবং N কেন্দ্রবিশিষ্ট বৃত্তের পরিধি ও ব্যাসার্ধ যথাক্রমে p ও r হলে—

i. $\frac{P}{2R} = \frac{p}{2r}$

ii. $\frac{P}{R} \neq \frac{p}{r}$

iii. $\frac{P}{2R} = \frac{p}{2r} = \pi$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

নিচের তথ্যের আলোকে (৪৮-৫১) নং প্রশ্নের উত্তর দাও:

চারটি কোণের ডিগ্রি পরিমাপ যথাক্রমে 580°, – 390°, – 595° এবং – 910°।

৪৮. কোনটি ঘড়ির কাঁটার বিপরীত দিকে ঘুরে? (সহজ)

ক – 910 খ – 595 গ – 390 ঘ 580° **গ**

৪৯. – 910° কোণটি কোন চতুর্ভাগে অবস্থিত? (সহজ)

ক ১ম খ ২য় গ ৩য় ঘ ৪র্থ **খ**

৫০. কোন কোণটির অবস্থান ৪র্থ চতুর্ভাগে? (সহজ)

ক 580° খ – 390° গ – 595° ঘ – 910° **খ**

৫১. কোন কোণ দুইটির অবস্থান ২য় চতুর্ভাগে? (সহজ)

ক 580°, – 595° খ – 910°, – 595°

গ – 595°, – 390° ঘ – 595°, 580° **গ**

নিচের উদ্দীপকটি পড়ে (৫২-৫৫) নং প্রশ্নের উত্তর দাও।



O কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ব্যাসার্ধ OB = 8 সে.মি. এবং ∠POB = 1 রেডিয়ান।

৫২. চাপ PB = কত সে.মি.? (সহজ) [আইডিয়াল স্কুল, ঢাকা; এস.ভি.এস. বালিকা উচ্চ বিদ্যালয়, কিশোরগঞ্জ]

ক 4 খ 8 গ 16 ঘ 64 **খ**

৫৩. বৃত্তটির ব্যাস কত সে.মি.? (সহজ) [আইডিয়াল স্কুল, ঢাকা]

ক 4 খ 8 গ 16 ঘ 32 **গ**

ব্যাখ্যা: ব্যাস = 2r = 8 × 2 = 16

৫৪. বৃত্তের পরিধি কত সে.মি.? (সহজ) [আইডিয়াল স্কুল, ঢাকা]

ক 16 খ 32 গ 50.266 ঘ 201.062 **গ**

৫৫. অধিচাপ PB = কত সে.মি.? (মধ্যম)

ক 16 খ 42.266 গ 58.265 ঘ 201.062 **খ**

ব্যাখ্যা: PB = 50.266 – 8 = 42.266

নিচের তথ্যের আলোকে (৫৬-৫৯) নং প্রশ্নের উত্তর দাও:



চিত্রে, AC ⊥ OB, ব্যাসার্ধ OP = চাপ PB এবং পরিধি = 120 একক।

৫৬. BC চাপের দৈর্ঘ্য কত একক? (মধ্যম)

ক 15 খ 30 গ 45 ঘ 60 **খ**

৫৭. AC ব্যাসের দৈর্ঘ্য কত একক? (মধ্যম)

ক 60 খ 38.2 গ 28.2 ঘ 19.1 **খ**

৫৮. AP চাপের দৈর্ঘ্য কত একক? (মধ্যম)

ক 19.1 খ 15.1 গ 10.9 ঘ 9.9 **গ**

৫৯. ∠POB = কত রেডিয়ান? (মধ্যম)

ক 1 খ 2 গ 4 ঘ 5 **ক**

*** ৮.৫ কোণের বৃত্তীয় পরিমাপ** (দেখুন পৃষ্ঠা-১৩৪)

- রেডিয়ান এককে কোনো কোণের পরিমাপই বৃত্তীয় পরিমাপ।
- r ব্যাসার্ধের কোনো বৃত্তে S দৈর্ঘ্যের কোনো চাপ কেন্দ্রে θ কোণ উৎপন্ন করলে, S = rθ.

৬০. 2 রেডিয়ান = কত সমকোণ? (সহজ) [অন্নদা সরকারী উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়ীয়া; রাজশাহী কলেজিয়েট স্কুল, রাজশাহী; রাজশাহী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, হেলেনাবাদ]

ক $\frac{4}{\pi}$ খ $\frac{\pi}{4}$ গ $\frac{\pi}{2}$ ঘ $\frac{2}{\pi}$ **ক**

৬১. 1 সমকোণ = কত রেডিয়ান? (π = 3.1416 ধরে) (সহজ)

ক 0.59 খ 1.57

গ 1.67 ঘ 2.38 **খ**

www.bdniyog.com

৬২. r ব্যাসার্ধের কোনো বৃত্তে s দৈর্ঘ্যের কোনো চাপ কেন্দ্রে θ রেডিয়ান কোণ ধারণ করলে কোন সম্পর্কটি সঠিক? (সহজ)

ক $r = s\theta$ খ $s = r\theta$ গ $\theta = sr$ ঘ $s^2 = r\theta$ **খ**

৬৩. একটি বৃত্তের ব্যাসার্ধ 5 সে.মি. এবং কেন্দ্রস্থ কোণের সম্মুখ চাপ 12 সে.মি. হলে, কোণের মাপ কত রেডিয়ান? (মধ্যম)

ক 1.4 খ 2.4 গ 2.8 ঘ 3.4 **খ**

৬৪. একটি বৃত্তের 2 রেডিয়ান কেন্দ্রস্থ কোণের সম্মুখ চাপ 9 সে.মি. হলে ব্যাসার্ধ কত সে.মি.? (মধ্যম)

ক 2.5 খ 3.5 গ 4.5 ঘ 5.5 **গ**

৬৫.



চিত্রে, ঢাকা-দুবাই দূরত্ব কত কি.মি.? (মধ্যম)

ক 11170 খ 8377.5 গ 5585 ঘ 2792.5 **ক**

৬৬.



চিত্রে, ∠POB = 1 রেডিয়ান, PB = 5 একক, চাপ AB = 2 একক হলে θ এর মান কত রেডিয়ান? (কঠিন)

ক 0.4 খ 2.5 গ 5 ঘ 10 **ক**

ব্যাখ্যা: $\theta^c = \frac{\text{চাপ } AB}{\text{চাপ } PB} = \frac{2}{5} = 0.4$

৬৭.



চিত্রে, OB = PB = 7 সে.মি. এবং θ = 0.4 রেডিয়ান হলে চাপ AB = কত সে.মি.? (মধ্যম)

ক 1.8 খ 2.8 গ 7.5 ঘ 17.5 **খ**

ব্যাখ্যা: চাপ $AB = \theta^c \times$ চাপ $PB = 0.4 \times 7 = 2.8$

৬৮. কোনো চাপ বৃত্তের পরিধির সাথে $\frac{\pi}{2}$ রেডিয়ান কোণ উৎপন্ন করলে—

i. কেন্দ্রে π রেডিয়ান কোণ উৎপন্ন করবে।
ii. উপচাপ ও অধিচাপ সমান হবে।
iii. চাপটি হবে বৃত্তের বৃহত্তম জ্যা।

নিচের কোনটি সঠিক? (সহজ)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **গ**

নিচের তথ্যের ভিত্তিতে (৬৯-৭১) নং প্রশ্নের উত্তর দাও।

এক ব্যক্তি বৃত্তাকার পথে সেকেন্ডে 2 মি. বেগে দৌড়ে 36 সেকেন্ডে এমন একটি বৃত্তচাপ অতিক্রম করে যা বৃত্তের কেন্দ্রে 56° কোণ উৎপন্ন করে।

৬৯. বৃত্তচাপটির দৈর্ঘ্য কত মিটার? (সহজ) [সরকারী পি. এন বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী]

ক 18 খ 36 গ 72 ঘ 113.09 **ক**

৭০. বৃত্তটির ব্যাসার্ধ কত মিটার? (মধ্যম) [সরকারী পি. এন বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী]

ক 72 খ 73.67 গ 144 ঘ 288 **খ**

৭১. বৃত্তটির পরিধি কত মিটার? (সহজ)

ক 147.33 খ 157.33 গ 462.86 ঘ 562.86 **গ**

★★★ ৮.৬ কোণের ডিগ্রি পরিমাপ ও রেডিয়ান (বৃত্তীয়) পরিমাপের সম্পর্ক | Text পৃষ্ঠা-১৪১

- $1^\circ = \left(\frac{\pi}{180}\right)^c$ এবং $1^c = \left(\frac{180}{\pi}\right)^\circ$
- ষাটমূলক ও বৃত্তীয় পদ্ধতিতে একটি কোণের পরিমাপ যথাক্রমে D° ও R^c হলে $\frac{D}{180} = \frac{R}{\pi}$

৭২. $1^\circ =$ কত? (সহজ) [ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ]

ক 0.01475^c খ 0.01574^c গ 0.01745^c ঘ 0.1745^c **গ**

৭৩. একটি কোণের মান ডিগ্রি এককে 20 হলে রেডিয়ান এককে তা কত হবে? (মধ্যম)

ক $\frac{\pi}{2}$ খ $\frac{\pi}{4}$ গ $\frac{\pi}{6}$ ঘ $\frac{\pi}{9}$ **ঘ**

৭৪. একটি কোণের মান ডিগ্রি এককে 15 হলে রেডিয়ান এককে তা কত হবে? (মধ্যম)

ক 37.6992 খ 0.2168 গ 0.2618 ঘ 0.2861 **গ**

ব্যাখ্যা: $15^\circ = \left(15 \times \frac{\pi}{180}\right)^c = \left(\frac{\pi}{12}\right)^c = \left(\frac{3.1416}{12}\right)^c = 0.2618^c$

৭৫. রেডিয়ান এককে কোনো কোণের মান 2.35 হলে ডিগ্রি এককে তার মান কত? (মধ্যম)

ক 195 খ 165 গ 145 ঘ 135 **খ**

৭৬. 0.20944 রেডিয়ান = কত ডিগ্রি? (মধ্যম) [সাতক্ষীরা সরকারি উচ্চ বিদ্যালয়, সাতক্ষীরা]; [বিন্দুবাসিনী সরকারী বালক উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল]

ক 12 খ 13 গ 14 ঘ 15 **ক**

৭৭. $15°36' =$ কত রেডিয়ান? (কঠিন)

ক 2.72 খ 1.72 গ 0.72 ঘ 0.272 **ঘ**

ব্যাখ্যা: $36' = \left(\frac{36}{60}\right)^\circ = 0.6^\circ$

$\therefore 15°36' = 15.6^\circ = \left(15.6 \times \frac{\pi}{180}\right)^c = 0.272$

৭৮. ষাটমূলক ও বৃত্তীয় পদ্ধতিতে একটি কোণের পরিমাপ যথাক্রমে D° ও R^c হলে নিচের কোন সম্পর্ক সঠিক? (সহজ)

ক $\frac{D}{\pi} = \frac{R}{180}$ খ $\frac{D}{90} = \frac{2R}{\pi}$

গ $\frac{2D}{180} = \frac{R}{\pi}$ ঘ $\frac{D}{90} = \frac{R}{2\pi}$ **খ**

৭৯. চিত্রে প্রদত্ত সময়ে ঘড়ির ঘণ্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যবর্তী কোণের পরিমাপ কত? (সহজ)

ক $\frac{\pi^c}{2}$ খ $\frac{\pi^c}{3}$

গ $\frac{\pi^c}{4}$ ঘ $\frac{\pi^c}{6}$ **ক**

৮০. সকাল 9 : 30 মিনিটে ঘড়ির ঘণ্টার কাঁটা ও মিনিটের কাঁটার অন্তর্গত কোণ কত ডিগ্রি? (কঠিন) [ফেনী গার্লস ক্যাডেট কলেজ, ফেনী; বি এ এফ শাহীন কলেজ, চট্টগ্রাম; বিদ্যাময়ী গভঃ গার্লস হাই স্কুল, ময়মনসিংহ; সরকারী পি. এন বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী; ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ; অগ্রণী স্কুল, ঢাকা]

ক 90 খ 100 গ 105 ঘ 110 **গ**

ব্যাখ্যা: $90° + 2.5 \times 6° = 90° + 15° = 105°$

৮১. কোন বৃত্তের ব্যাসার্ধ 7 সে.মি., এর 11 সে.মি. দীর্ঘ চাপের কেন্দ্রস্থ সম্মুখ কোণের পরিমাপ কত ডিগ্রি? (কঠিন) [রাজশাহী কলেজিয়েট স্কুল, রাজশাহী; মোহাম্মদপুর প্রিপারেটরী উচ্চ মাধ্যমিক (বালিকা) বিদ্যালয়, ঢাকা]

ক 45 খ 60 গ 80 ঘ 90 **ঘ**

৮২. বৃত্তের ব্যাসার্ধ 176 সে.মি. হলে যে চাপের কেন্দ্রস্থ সম্মুখ কোণ 1 রেডিয়ান হয় তার দৈর্ঘ্য কত সে.মি.? (সহজ)

ক 76 খ 88 গ 176 ঘ 352 **গ**

৮৩. একটি বৃত্তের ব্যাস 3.1416 মিটার হলে পরিধি কত মিটার? (মধ্যম)

ক 3.1416 খ 9.869 গ 98.69 ঘ 986.9 **ঘ**

www.bdniyog.com

৮৪. দুইটি চাকার পরিধির পার্থক্য 22 মিটার হলে, ব্যাসার্ধের পার্থক্য কত মিটার? (কঠিন)

ক 3.5 খ 7 গ 9 ঘ 11 **ক**

ব্যাখ্যা: $2\pi r_1 - 2\pi r_2 = 22$

বা, $2\pi(r_1 - r_2) = 22$ বা, $r_1 - r_2 = \frac{22}{2\pi} = 3.501401$

৮৫. দুইটি চাকার ব্যাসার্ধের পার্থক্য 5 সে.মি. হলে পরিধির পার্থক্য কত সে.মি.? (কঠিন)

ক 5π খ 10π গ 15π ঘ 20π **খ**

ব্যাখ্যা: বৃহত্তম চাকার ব্যাসার্ধ = x + 5, ক্ষুদ্রতম চাকার ব্যাসার্ধ = x

∴ বৃহত্তম চাকার পরিধি = $2\pi(x + 5)$, ক্ষুদ্রতম চাকার ব্যাসার্ধ = $2\pi x$

∴ পার্থক্য = $2\pi(x + 5) - 2\pi x = 2\pi x + 10\pi - 2\pi x = 10\pi$.

৮৬. একটি চাকা 80 মিটার পথ যেতে 40 বার ঘুরে চাকাটির ব্যাসার্ধ কত মিটার? (কঠিন)

ক 2π খ π গ $\frac{\pi}{2}$ ঘ $\frac{1}{\pi}$ **ঘ**

ব্যাখ্যা: পরিধি = $2\pi r$ ∴ $40 \times 2\pi r = 80$

বা, $80\pi r = 80$ ∴ $r = \frac{1}{\pi}$

৮৭. θ = কত রেডিয়ান? (মধ্যম)



ক 0.64 খ 1.57
গ 3.1416 ঘ 3.2 **খ**

৮৮. পৃথিবীর ব্যাসার্ধ 6440 কিলোমিটার। ঢাকা ও মাদারীপুরের দূরত্ব 112.4 কিলোমিটার হলে—

i. ঢাকা ও মাদারীপুর কেন্দ্রে 0.01745 রেডিয়ান কোণ উৎপন্ন করে।
ii. ঢাকা ও মাদারীপুর কেন্দ্রে 1° কোণ উৎপন্ন করে।
iii. ঢাকা ও মাদারীপুর কেন্দ্রে 2° কোণ উৎপন্ন করে।

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

৮৯. একটি চাকার ব্যাস 0.84 মিটার এবং চাকাটি প্রতি সেকেন্ডে 6 বার ঘুরলে—

i. চাকাটির পরিধি 2.64 মিটার (প্রায়)।
ii. প্রতি সেকেন্ডে চাকাটি 15.83 মিটার দূরত্ব অতিক্রম করে।
iii. চাকাটির গতিবেগ ঘণ্টায় 15.83 মিটার।

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

৯০. একটি বৃত্তচাপ 28 সে.মি. দীর্ঘ ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের কেন্দ্রে 45° কোণ উৎপন্ন করলে—

i. $45° = \frac{\pi}{4}$ রেডিয়ান।
ii. বৃত্তচাপটির দৈর্ঘ্য 22 সে.মি.।
iii. বৃত্তচাপটির দৈর্ঘ্য 35.65 সে.মি.।

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

নিচের তথ্যের আলোকে (৯১-৯৩) নং প্রশ্নের উত্তর দাও:

মাহাদি 50 মিটার ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তাকার পথ 1.5 মিনিটে ঘুরে এলো।

৯১. বৃত্তাকার পথের দৈর্ঘ্য কত মিটার? (সহজ)

ক 3.1416 খ 31.416 গ 314.16 ঘ 3141.6 **গ**

৯২. মাহাদির গতিবেগ কত মিটার/সেকেন্ড? (মধ্যম)

ক 33.34 খ 13.34 গ 5.56 ঘ 0.56 **গ**

৯৩. মাহাদির অতিক্রান্ত কোণ কত রেডিয়ান? (মধ্যম)

ক 4π খ 2π গ π ঘ $\frac{\pi}{2}$ **খ**

নিচের তথ্যের আলোকে (৯৪-৯৬) নং প্রশ্নের উত্তর দাও:

এক ব্যক্তি একটি বৃত্তাকার পথে 12 কি.মি./ ঘণ্টা বেগে দৌড়ে 36 সেকেন্ডে যে বৃত্তচাপ অতিক্রম করে তা কেন্দ্রে 36° কোণ উৎপন্ন করে।

৯৪. ঐ ব্যক্তির অতিক্রান্ত দূরত্ব কত মিটার? (কঠিন)

ক 60 খ 90 গ 120 ঘ 150 **গ**

ব্যাখ্যা: 1 ঘণ্টা = 60 মি. = 3600 সেকেন্ডে যায় = 12 কি.মি.
= 12000 মিটার

∴ 1 " " " = $\frac{12000}{3600}$ মিটার

∴ 36 " " = $\frac{12000 \times 36}{3600}$ " = 120 মিটার

৯৫. বৃত্তের ব্যাসার্ধ কত মিটার? (কঠিন)

ক 189 খ 190 গ 191 ঘ 192 **গ**

ব্যাখ্যা: রেডিয়ান কোণ $\theta = \frac{\text{বৃত্তচাপ}}{\text{ব্যাসার্ধ}}$

দেওয়া আছে, $\theta = 36° = \left(36 \times \frac{\pi}{180}\right)^c = 0.62832^c$

বৃত্তচাপ = 120 মিটার

∴ ব্যাসার্ধ = $\frac{120}{0.62832} = 190.98$

৯৬. বৃত্তের পরিধি কত কি.মি.? (মধ্যম)

ক 1 খ 1.1 গ 1.2 ঘ 1.3 **গ**

ব্যাখ্যা: পরিধি = $2\pi r = 2 \times 3.146 \times 191 = 1200.09$ মিটার

= $\frac{1200.09}{1000}$ কি.মি. = 1.20009 কি.মি.

নিচের তথ্যের আলোকে (৯৭-৯৮) নং প্রশ্নের উত্তর দাও:

পৃথিবীর ব্যাসার্ধ 6440 কিলোমিটার। ঢাকা ও জামালপুর কেন্দ্রে 2° কোণ উৎপন্ন করে।

৯৭. 2° = কত রেডিয়ান? (সহজ) [শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ, ঢাকা; উত্তরা হাই স্কুল, ঢাকা; মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা]

ক $\frac{\pi}{45}$ খ $\frac{\pi}{90}$ গ $\frac{\pi}{180}$ ঘ $\frac{\pi}{360}$ **খ**

৯৮. ঢাকা ও জামালপুরের দূরত্ব কত কি.মি.? (মধ্যম)

ক 112.4 খ 224.8 গ 324.8 ঘ 424.8 **খ**

নিচের তথ্যের আলোকে (৯৯-১০২) নং প্রশ্নের উত্তর দাও।

একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত 3 : 4 : 5। অনুপাতের সাধারণ রাশি x।

৯৯. x এর মাধ্যমে প্রকাশ করলে কোণ তিনটি হবে? (সহজ)

ক x, 2x, 3x খ 3x, x, 2x
গ 3x, 4x, 5x ঘ 3x , 4x, 7x **গ**

১০০. x এর মান কত? (মধ্যম)

ক 15 খ 18^c গ 30 ঘ 45 **ক**

১০১. ক্ষুদ্রতর কোণটি কত ডিগ্রি? (সহজ)

ক 45 খ 60 গ 75 ঘ 90 **ক**

১০২. বৃহত্তর কোণটি কত ডিগ্রি? (সহজ)

ক 90 খ 75 গ 60 ঘ 45 **খ**

নিচের তথ্যের ভিত্তিতে (১০৩-১০৫) নং প্রশ্নের উত্তর দাও:

একটি ত্রিভুজের কোণগুলো সমান্তর শ্রেণিভুক্ত এবং ক্ষুদ্রতর কোণটি বৃহত্তর কোণের অর্ধেক।

১০৩. কোণগুলোকে A এর মাধ্যমে প্রকাশ করলে ২য় কোণটি হবে? (মধ্যম) [বিদ্যাময়ী গভঃ গার্লস হাই স্কুল, ময়মনসিংহ]

ক A খ $\frac{3A}{2}$ গ 2A ঘ 4A **গ**

ব্যাখ্যা: $\frac{A + 2A}{2} = \frac{3A}{2}$

১০৪. ক্ষুদ্রতর কোণটির বৃত্তীয়মান কত? (মধ্যম) [বিদ্যাময়ী গভঃ গার্লস হাই স্কুল, ময়মনসিংহ]

ক $\frac{\pi^c}{3}$ খ $\frac{2\pi^c}{9}$ গ $\frac{4\pi^c}{9}$ ঘ $\frac{5\pi^c}{9}$ **খ**

১০৫. বৃহত্তর কোণটির ডিগ্রি পরিমাপ কত? (মধ্যম) [বিদ্যাময়ী গভঃ গার্লস হাই স্কুল, ময়মনসিংহ]

ক 20 খ 40 গ 60 ঘ 80 **গ**

ব্যাখ্যা: $\frac{\pi}{180} = 1°$ ∴ $\frac{4\pi}{9} = 80°$

www.bdniyog.com

শ্রেণির কাজের ওপর সৃজনশীল রচনামূলক প্রশ্ন

প্রশ্ন ▶ ১ $777°, -365°, -720°$ ও $1320°$ চারটি কোণ।

◀ কাজ, পৃষ্ঠা-১৩৬

ক. কোণ চারটিকে রেডিয়ানে প্রকাশ কর। ২

খ. কোণ চারটি কোন চর্তুভাগে আছে, চিত্রসহ তা বর্ণনা কর। ৪

গ. জাবের সাইকেলে চড়ে 80 মিটার ব্যাসার্ধ বিশিষ্ট একটি বৃত্তাকার মাঠের পরিধি বরাবর কয়েকবার ঘুরে কেন্দ্রে $1320°$ কোণ তৈরি করে। জাবের কতটুকু দূরত্ব অতিক্রম করেছে। ৪

১ নং প্রশ্নের সমাধান

ক $777° = \left(777 \times \frac{\pi}{180}\right)^c = \frac{259\pi^c}{60}$

$-365° = \left(-365 \times \frac{\pi}{180}\right)^c = \frac{-73\pi^c}{36}$

$-720° = \left(-720 \times \frac{\pi}{180}\right)^c = -4\pi^c$

$1320° = \left(1320 \times \frac{\pi}{180}\right)^c = \frac{22\pi^c}{3}$

খ $777° = 720° + 57° = 8 \times 90° + 57°$

$777°$ কোণটি ধনাত্মক এবং 8 সমকোণ অপেক্ষা বৃহত্তর কিন্তু 9 সমকোণ অপেক্ষা ক্ষুদ্রতর। $777°$ কোণটি উৎপন্ন করতে ঘড়ির কাঁটার বিপরীত দিকে কোনো রশ্মিকে 8 সমকোণ বা দুইবার সম্পূর্ণ ঘুরে আদি অবস্থানে আসার পর আরও $57°$ বেশি ঘুরতে হয়েছে।



সুতরাং, $777°$ কোণটি প্রথম চতুর্ভাগে অবস্থান করে।

$-365° = -360° - 5° = -4 \times 90° - 5°$

এখানে, $-365°$ কোণটি ঋণাত্মক এবং ঘড়ির কাঁটার দিকে একবার সম্পূর্ণ (4 সমকোণ) ঘুরার পর একই দিকে আরও $5°$ ঘুরতে হয়েছে।



সুতরাং, $-365°$ কোণটির অবস্থান চতুর্থ চতুর্ভাগে।

$-720° = -8 \times 90°$

এখানে, $-720°$ কোণটি ঋণাত্মক এবং ঘড়ির কাঁটার দিকে দুইবার সম্পূর্ণ (8 সমকোণ) ঘুরার পর আর ঘুরেনি।



সুতরাং, $-720°$ কোণটির অবস্থান x- অক্ষের উপর আদি অবস্থানে।

$1320° = 14 \times 90° + 60°$

এখানে, $1320°$ কোণটি ধনাত্মক এবং 14 সমকোণ অপেক্ষা বৃহত্তর কিন্তু 15 সমকোণ অপেক্ষা ক্ষুদ্রতর। $1320°$ কোণটি উৎপন্ন করতে ঘড়ির কাঁটার বিপরীত দিকে কোনো রশ্মিকে 14 সমকোণ বা তিনবার সম্পূর্ণ ঘুরে আদি অবস্থানে আসার পর আরও দুই সমকোণের চেয়ে $60°$ বেশি ঘুরতে হয়েছে।



সুতরাং, $1320°$ কোণটি তৃতীয় চতুর্ভাগে অবস্থান করে।

গ দেওয়া আছে, ব্যাসার্ধ, $r = 80$ মিটার

মাঠের কেন্দ্রে উৎপন্ন কোণ, $\theta = 1320°$

$= \frac{22\pi}{3}$ রেডিয়ান ['ক' থেকে পাই]

$\therefore$ অতিক্রান্ত দূরত্ব, $S = r\theta$

$= 80 \times \frac{22\pi}{3}$ মিটার

$= \frac{1760\pi}{3}$ মিটার

$= 1843.072$ মিটার (প্রায়)

উত্তর: 1843.072 মিটার (প্রায়)

মাস্টার ট্রেইনার প্রণীত আরও সৃজনশীল রচনামূলক প্রশ্ন

প্রশ্ন ▶ ২ পৃথিবীর ব্যাসার্ধ 6440 কিলোমিটার। ঢাকা ও পঞ্চগড় পৃথিবীর কেন্দ্রে $5°$ কোণ উৎপন্ন করে। একজন মানুষ শীতকালে পঞ্চগড়ের নৈসর্গিক দৃশ্য দেখতে যেতে চায়। সে 0.84 মিটার ব্যাস বিশিষ্ট চাকাওয়ালা গাড়ী নিয়ে যায়। [যশোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, যশোর]

ক. $5°$ কে রেডিয়ানে প্রকাশ কর? ২

খ. ঢাকা ও পঞ্চগড়ের দূরত্ব কত? ৪

গ. ঐ দূরত্ব যেতে গাড়ীর প্রতিটি চাকা কত বার ঘুরবে? ৪

২ নং প্রশ্নের সমাধান

ক $5° = 5 \times \frac{\pi}{180}$ রেডিয়ান

$= \frac{\pi}{36}$ রেডিয়ান

$= 0.087$ রেডিয়ান (প্রায়)

খ পৃথিবীর ব্যাসার্ধ $= r = 6440$ কিলোমিটার

পৃথিবীর কেন্দ্রে উৎপন্ন কোণ $\theta = 0.087$ রেডিয়ান

www.bdniyog.com

∴ চাপের দৈর্ঘ্য বা ঢাকা ও পঞ্চগড়ের দূরত্ব s হলে
$s = r\theta = 6440 \times 0.087$ কিলোমিটার
$= 560.28$ কিলোমিটার
∴ দূরত্ব = 560.28 কিলোমিটার (প্রায়)

গ চাকার ব্যাসার্ধ $r = \frac{0.84}{2} = 0.42$ মিটার
∴ চাকার পরিধি $= 2\pi r$
$= 2 \times \pi \times 0.42$ মিটার
$= 0.84 \times 3.1416$ মিটার [∵ $\pi = 3.1416$]
$= 2.638944$ " (প্রায়)
আমরা জানি,
চাকাটি একবার ঘুরলে তার পরিধির সমান দূরত্ব অতিক্রম করে।
∴ মনে করি, চাকাটি উক্ত দূরত্ব যেতে n বার ঘুরে।
প্রশ্নমতে, $n \times 2.638944 = 560.28 \times 1000$
বা, $n = \frac{560.28 \times 1000}{2.638944} = 212312.1976 \approx 212312$
Ans. 212312 বার (প্রায়)

প্রশ্ন ▶ ৩ **বাংলাদেশের হিমালয় কন্যা পঞ্চগড় জেলার উত্তরে তেঁতুলিয়া থেকে হিমালয় পর্বত দেখা যায়। যার উচ্চতা ৪.৪৪৪ কিলোমিটার। তেঁতুলিয়া থেকে হিমালয় পর্বত 2.3° কোণ উৎপন্ন করে।**
ক. 2.3° কে রেডিয়ানে প্রকাশ কর। ২
খ. তেঁতুলিয়া থেকে হিমালয়ের দূরত্ব কত? ৪
গ. 0.42 মিটার ব্যাসার্ধের চাকা ওয়ালা একটি গাড়ি নিয়ে উক্ত দূরত্ব যেতে প্রতিটি চাকা কত বার ঘুরবে? ৪

৩ নং প্রশ্নের সমাধান

ক $2.3° = 2.3 \times \frac{\pi}{180}$ রেডিয়ান
$= 0.04$ রেডিয়ান [$\pi = 3.1416$]



খ মনে করি, AB পাহাড়টির পাদবিন্দু A থেকে r কিলোমিটার দূরে O বিন্দুতে পাহাড়টি 0.04 রেডিয়ান কোণ উৎপন্ন করে। তাহলে চাপ AB পাহাড়টির উচ্চতা = 8.848 কিলোমিটার।
আমরা জানি, $s = r\theta$
বা, $r = \frac{s}{\theta} = \frac{8.848}{0.04} = 221$ কিলোমিটার
∴ তেঁতুলিয়া থেকে হিমালয়ের দূরত্ব = 221 কিলোমিটার।

গ চাকাটির ব্যাসার্ধ, $r = 0.42$ মিটার
∴ চাকার পরিধি $= 2\pi r = 2\pi \times 0.42$
$= 2.64$ মিটার [∵ $\pi = 3.1416$]
আমরা জানি, চাকাটি একবার ঘুরলে তার পরিধির সমান দূরত্ব অতিক্রম করে। ধরি, উক্ত দূরত্ব যেতে চাকাটি n সংখ্যক বার আবর্তিত হয়।
প্রশ্নমতে, $2.64 \times n = 221 \times 1000$ [∵ 1 কি.মি. = 1000 মি.]
বা, $n = \frac{221000}{2.64} = 83712.12 \approx 83712$
∴ n = 83712 বার (প্রায়) (Ans.)

প্রশ্ন ▶ ৪ **চিত্রে O কেন্দ্র বিশিষ্ট ABCD একটি বৃত্ত যার ব্যাসার্ধ R। abcd আরেকটি সমকেন্দ্রিক বৃত্ত যার ব্যাসার্ধ r(<R)। ∠COB একটি রেডিয়ান কোণ এবং OP ⊥ OB**



ক. A, B ও a, b যোগ করে উৎপন্ন ΔAOB ও ΔaOb এর মধ্যে সম্পর্ক কী? ২
খ. দেখাও যে, দুটি বৃত্তের স্ব-স্ব পরিধি ও ব্যাসের অনুপাত সমান। ৪
গ. দেখাও যে, ∠COB একটি ধ্রুব কোণ। ৪

৪ নং প্রশ্নের সমাধান

ক ΔAOB ও ΔaOb -এ
$\frac{OA}{Oa} = \frac{OB}{Ob} = \frac{R}{r}$ এবং ∠AOB = ∠aOb
∴ ΔAOB ও ΔaOb ত্রিভুজদ্বয় সদৃশ।

খ দুইটি বৃত্ত সমকেন্দ্রিক। এখন বৃহত্তর বৃত্তটিকে n সংখ্যক (ধনাত্মক) সমান ভাগে বিভক্ত করি। কেন্দ্রের সাথে বিভক্তি বিন্দুগুলো যোগ করে ক্ষুদ্রতর বৃত্তটিকে n সংখ্যক সমান ভাগে বিভক্ত করি। উভয় বৃত্তে বিভাগ বিন্দুগুলো পরস্পর সংযুক্ত করি। পরস্পর সংযুক্ত করার ফলে প্রত্যেক বৃত্তে n সংখ্যক বাহুবিশিষ্ট একটি সুষম বহুভুজ অন্তর্লিখিত হলো।
এখন ধরি, বৃহত্তর বৃত্তের পরিধি S ও ব্যাসার্ধ R
এবং ক্ষুদ্রতর বৃত্তের পরিধি s ও ব্যাসার্ধ r
এখন, ΔOAB এবং ΔOab ত্রিভুজদ্বয় সদৃশ ['ক' হতে]
ফলে $\frac{AB}{ab} = \frac{OA}{Oa} = \frac{OB}{Ob} = \frac{R}{r}$
অনুরূপভাবে, $\frac{BC}{bc}, \frac{CD}{cd}$ ..... ইত্যাদি
প্রত্যেকটির অনুপাত $= \frac{R}{r}$
∴ $\frac{R}{r} = \frac{AB}{ab} = \frac{BC}{bc} = \frac{CD}{cd} = \ldots\ldots(1)$



এখন, n যথেষ্ট বড় হলে AB + BC + CD + ... = S এবং
ab + bc + cd + ... = s
∴ সমীকরণ (1) হতে পাই,
$\frac{AB + BC + CD + \ldots\ldots}{ab + bc + cd + \ldots\ldots} = \frac{R + R + R + \ldots.}{r + r + r + \ldots\ldots}$
$= \frac{nR}{nr} = \frac{R}{r} = \frac{2R}{2r}$
অতএব $\frac{S}{s} = \frac{R}{r} = \frac{2R}{2r}$
অতএব যেকোনো দুইটি বৃত্তের পরিধি ও ব্যাসের দৈর্ঘ্যের অনুপাত সমান। **(প্রমাণিত)**

গ মনে করি, O কেন্দ্রবিশিষ্ট ABCD বৃত্তে ∠COB একটি রেডিয়ান কোণ। প্রমাণ করতে হবে যে, ∠COB একটি ধ্রুব কোণ।
এখানে, OP লম্ব OB রেখাংশের ওপর অবস্থিত।
প্রমাণ: OP লম্ব বৃত্তের পরিধিকে P বিন্দুতে ছেদ করে। তাহলে চাপ
PB = পরিধির এক-চতুর্থাংশ $= \frac{1}{4} \times 2\pi r = \frac{\pi r}{2}$
এবং চাপ CB = ব্যাসার্ধ r [∵ ∠COB = এক রেডিয়ান]
প্রতিজ্ঞা (২) থেকে পাই,
$\frac{\angle COB}{\angle POB} = \frac{\text{চাপ } CB}{\text{চাপ } PB}$
$\therefore \angle COB = \frac{\text{চাপ } CB}{\text{চাপ } PB} \times \angle POB$
$= \frac{r}{\frac{\pi r}{2}} \times$ এক সমকোণ
$= \frac{2}{\pi}$ সমকোণ [∵ OP ব্যাসার্ধ এবং OB এর ওপর লম্ব]



যেহেতু সমকোণ ও π ধ্রুবক
সেহেতু ∠COB একটি ধ্রুব কোণ। **(প্রমাণিত)**

www.bdniyog.com

প্রশ্ন ▶ ৫ **এক ব্যক্তি 10 কি.মি./ ঘন্টা বেগে দৌড়াতে পারেন। একটি বৃত্তাকার মাঠের কেন্দ্র থেকে দৌড় শুরু করে 50 সেকেন্ডে মাঠের কিনারায় পৌঁছালেন। পরিধি বরাবর আরও 50 সেকেন্ড দৌড়ানোর পর আবার কেন্দ্রে ফিরে আসলেন।**

ক. লোকটি পরিধি বরাবর কত মিটার দূরত্ব অতিক্রম করেছেন? ২

খ. প্রমাণ কর যে, লোকটি পরিধি বরাবর যে দূরত্ব অতিক্রম করেছেন তা কেন্দ্রে একটি ধ্রুব কোণ উৎপন্ন করে। ৪

গ. পরিধি বরাবর একবার ঘুরে এসে আরও 40° অতিক্রম করলে মোট কত রেডিয়ান কোণ অতিক্রম করেছিলেন? লোকটির অতিক্রান্ত দূরত্ব মিটারে নির্ণয় কর। ৪

৫নং প্রশ্নের সমাধান

ক



আমরা জানি,

$$\text{বেগ} = \frac{\text{দূরত্ব}}{\text{সময়}}$$

বা, দূরত্ব = বেগ × সময়

বা, BC = 10 কি.মি./ ঘন্টা × 50 সে.

$$= \frac{10 \times 1000}{3600} \times 50 \text{ মি.}$$

= 138.9 মি. (Ans.)

খ চিত্র থেকে বৃত্তের ব্যাসার্ধ AB = BC = 138.9 মি.

চিত্র থেকে A কেন্দ্র বিশিষ্ট বৃত্তের BC চাপ কেন্দ্রে ∠BAC কোণ তৈরি করে। প্রমাণ করতে হবে যে, ∠BAC ধ্রুব কোণ।

অংকন: AB রেখাংশের উপর AD লম্ব আঁকি।

প্রমাণ: AD লম্ব পরিধির D বিন্দুতে ছেদ করে।

তাহলে চাপ BD = পরিধির এক চতুর্থাংশ।

$$= \frac{1}{4} \times 2\pi r$$

$$= \frac{\pi r}{2}$$

এবং চাপ BC = AB = r = ব্যাসার্ধ।

আমরা জানি, বৃত্তের কোন চাপ দ্বারা উৎপন্ন কেন্দ্রস্থ কোণ ঐ বৃত্তচাপের সমানুপাতিক।

সুতরাং $\frac{\angle BAC}{\angle BAD} = \frac{\text{চাপ BC}}{\text{চাপ BD}}$

বা, $\angle BAC = \frac{\text{চাপ BC}}{\text{চাপ BD}} \times \angle BAD$

$$= \frac{r}{\frac{\pi r}{2}} \times \text{এক সমকোণ}$$

$$= \frac{2}{\pi} \text{ সমকোণ।}$$

যেহেতু সমকোণ ও π ধ্রুবক সেহেতু ∠BAC একটি ধ্রুব কোণ।

গ বৃত্তের পরিধি কেন্দ্রে 360° কোণ উৎপন্ন করে।

সুতরাং লোকটি দ্বারা মোট অতিক্রান্ত চাপ কেন্দ্রে (360° + 40°) = 400° কোণ উৎপন্ন করে।

আমরা জানি,

$$\frac{R}{\pi} = \frac{D}{180}$$

বা, $\frac{R}{\pi} = \frac{400}{180}$

বা, $R = \frac{400}{180}\pi$

$= 6.98^c$.

∴ কেন্দ্রে 6.98^c কোণ উৎপন্ন করে। (উত্তর)

এখানে, r = 138.9 মি.

$\theta = 6.98^c$

আমরা জানি, $S = r\theta = (138.9)(6.98)$

= 969.7 m. (Ans.)

প্রশ্ন ▶ ৬ **ঢাকা হতে কক্সবাজারের দূরত্ব 786.8 কিলোমিটার। ঢাকা ও কক্সবাজার পৃথিবীর কেন্দ্রে 7° কোণ উৎপন্ন করে।**

ক. 7° কে রেডিয়ানে প্রকাশ কর। ২

খ. পৃথিবীর ব্যাসার্ধ কত? ৪

গ. ঢাকা হতে পঞ্চগড়ের দূরত্ব 560.28 কি.মি. হলে ঢাকা ও পঞ্চগড় কর্তৃক কেন্দ্রে উৎপন্ন কোণ ডিগ্রিতে প্রকাশ কর। ৪

৬নং প্রশ্নের সমাধান

ক আমরা জানি,

180° = π রেডিয়ান

∴ $1° = \frac{\pi}{180}$ "

∴ $7° = \frac{7\pi}{180}$ "

$= \frac{7\pi}{180}$ রেডিয়ান

খ দেওয়া আছে,

ঢাকা হতে কক্সবাজারের দূরত্ব S_1 = 786.8 কি.মি.

পৃথিবীর কেন্দ্রে উৎপন্ন কোণ, $\theta_1 = 7°$

$= \frac{7\pi}{180}$ রেডিয়ান

পৃথিবীর ব্যাসার্ধ r নির্ণয় করতে হবে।

∴ S_1 = চাপের দৈর্ঘ্য = ঢাকা ও কক্সবাজারের দূরত্ব

$= r\theta_1$

বা, $r = \frac{S_1}{\theta_1}$

$= \frac{786.8}{\frac{7\pi}{180}}$

$= \frac{786.8 \times 180}{7\pi}$ কি.মি.

= 6440.045 কিলোমিটার

≈ 6440 কি:মি:

∴ পৃথিবীর ব্যাসার্ধ 6440 কিলোমিটার।

গ দেওয়া আছে, ঢাকা ও পঞ্চগড়ের মধ্যবর্তী দূরত্ব, S_2 = 560.28 কি.মি.

আমরা জানি, পৃথিবীর ব্যাসার্ধ r = 6440 কি: মি: [(ঘ)-এ প্রাপ্ত]

ঢাকা ও পঞ্চগড় কর্তৃক পৃথিবীর কেন্দ্রে উৎপন্ন কোণ θ_2 নির্ণয় করতে হবে।

www.bdniyog.com

আমরা জানি,

$S_2 = r\theta_2$

বা, $\theta_2 = \frac{S_2}{r}$ রেডিয়ান

$= \frac{560.28}{6440}$ "

$= \frac{87}{1000}$ "

আমরা জানি,

π রেডিয়ান $= 180°$

$\therefore 1$ " $= \left(\frac{180}{\pi}\right)°$

$\therefore \frac{87}{1000}$ " $= \left(\frac{180}{\pi} \times \frac{87}{1000}\right)°$

$= 4.985°$

$= 5°$

$\therefore$ ঢাকা ও পঞ্চগড় কর্তৃক কেন্দ্রে উৎপন্ন কোণ 5° **(Ans.)**

প্রশ্ন ▶ ৭



চিত্রে AB ও CD যথাক্রমে হিমালয় ও ফায়পুই [Phawngpui (blue mountain, India)] নির্দেশ করে। O বিন্দুটি ঢাকাতে অবস্থিত কোনো ব্যক্তিকে নির্দেশ করে। হিমালয়ের উচ্চতা 8.8km। ঢাকা হতে হিমালয়ের দূরত্ব 1957 km.

ক. 1′ কে রেডিয়ানে প্রকাশ কর। ২

খ. ∠AOB নির্ণয় কর। ৪

গ. ঢাকা হতে ফায়পুই পর্বতের দূরত্ব 170km হলে ফায়পুই পর্বতের উচ্চতা নির্ণয় কর। ৪

৭নং প্রশ্নের সমাধান

ক $1' = \left(\frac{1}{60}\right)°$

আমরা জানি, $180° = \pi$ রেডিয়ান

$\therefore 1° = \frac{\pi}{180}$ "

$\therefore \left(\frac{1}{60}\right)° = \left(\frac{\pi}{180} \times \frac{1}{60}\right)$ রেডিয়ান

$= \frac{\pi}{10800}$ রেডিয়ান

খ



দেওয়া আছে,

ঢাকা হতে হিমালয়ের দূরত্ব, OB = 1957 km.

হিমালয়ের উচ্চতা, AB = 8.8 km = r_1

উৎপন্ন কোণ অনেক ক্ষুদ্র হবে বলে আমরা হিমালয়ের উচ্চতা AB কে চাপ S_1 হিসাবে কল্পনা করতে পারি।

আমরা জানি,

S_1 = চাপের দৈর্ঘ্য = হিমালয়ের উচ্চতা

$= r_1.\theta_1$ [θ_1 হল ঢাকাতে অবস্থিত কোন ব্যক্তির চোখে উৎপন্ন কোণ]

বা, $\theta_1 = \frac{S_1}{r_1} = \frac{8.8}{1957} = \frac{44}{9785}$ রেডিয়ান

$= \left(\frac{44 \times 180}{\pi \times 9785}\right)°$

$= 0.258° \therefore \angle AOB = 0.258°$ **(Ans.)**

গ দেওয়া আছে,

ঢাকা হতে ফায়পুই পর্বতের দূরত্ব $r_2 = OD = 170$ km

আমরা জানি, $\angle AOB = \angle COD = 0.258°$

$\therefore$ ঢাকাতে অবস্থিত কোন ব্যক্তির চোখে ফায়পুই পর্বত কর্তৃক উৎপন্ন কোণ, $\theta_2 = \frac{0.258 \times \pi}{180}$ রেডিয়ান $= \frac{44}{9785}$ রেডিয়ান

ফায়পুই পর্বতের উচ্চতা, S_2 নির্ণয় করতে হবে।

θ_2 ক্ষুদ্র বলে S_2 কে চাপ হিসাবে কল্পনা করা যায়।

আমরা জানি,

S_2 = চাপের দৈর্ঘ্য = ফায়পুই পর্বতের উচ্চতা

$= r_2\theta_2$

$= \left(170 \times \frac{44}{9785}\right)$ কিলোমিটার

$= 0.764$ কিলোমিটার

$= 764$ মিটার

$\therefore$ ফায়পুই পর্বতের উচ্চাত 764 মিটার **(Ans.)**

প্রশ্ন ▶ ৮ ভূমিতে অবস্থিত একটি পাখির চোখে 2km দূরে অবস্থিত একজন শিকারি 150" কোণ উৎপন্ন করে।

ক. 150" কে রেডিয়ান প্রকাশ কর। ২

খ. শিকারির উচ্চাতা বের কর। ৪

গ. শিকারি কর্তৃক পাখির চোখে উৎপন্ন কোণ 20′ হলে পাখিটি উড়ে যায়। তাহলে পাখিটি উড়ে যাওয়া মুহূর্তে পাখি ও শিকারির মধ্যবর্তী দূরত্ব কত হবে। [ধর শিকারি পাখির দিকে অগ্রসরমান] ৪

৮নং প্রশ্নের সমাধান

ক $150" = \left(\frac{150}{60}\right)' = \left(\frac{150}{60 \times 60}\right)°$

আমরা জানি,

$180° = \pi$ রেডিয়ান

$\therefore 1° = \frac{\pi}{180}$ "

$\therefore \left(\frac{150}{60 \times 60}\right)° = \left(\frac{\pi}{180} \times \frac{150}{60 \times 60}\right)°$"

$= \frac{\pi}{4320}$ রেডিয়ান

খ



$\because$ শিকারি কর্তৃক পাখির চোখে উৎপন্ন কোণ $\theta_1 = \frac{\pi}{4320}$ রেডিয়ান অতিক্ষুদ্র।

সুতরাং শিকারির উচ্চতা, S_1 কে চাপ হিসাবে কল্পনা করা যায়।

দেওয়া আছে, শিকারি ও পাখির মধ্যবর্তী দূরত্ব $r_1 = 2$ km

আমরা জানি, S_1 = শিকারির উচ্চতা $= r_1\theta_1$

$= 2 \times \frac{\pi}{4320}$ কি.মি.

$= \frac{2\pi \times 1000}{4320}$ মিটার

$= 1.45$ মিটার

$\therefore$ শিকারির উচ্চতা 1.45 মিটার **(Ans.)**

www.bdniyog.com

গ আমরা জানি,
শিকারির উচ্চতা, $S_2 = 1.45$ মিটার [(গ)-এ প্রাপ্ত]
উড়ে যাবার মুহূর্তে পাখির চোখে উৎপন্ন কোণ

$$\theta_2 = 20' = \left(\frac{20}{60}\right)^\circ$$

$$= \frac{20\pi}{60 \times 180} \text{ রেডিয়ান}$$

$$= \frac{\pi}{540} \text{ রেডিয়ান}$$

উড়ে যাওয়ার মুহূর্তে পাখি ও শিকারির মধ্যবর্তী দূরত্ব, r_2 নির্ণয় করতে হবে।
আমরা জানি, S_2 = চাপের দৈর্ঘ্য $= r_2\theta_2$

বা, $$r_2 = \frac{S_2}{\theta_2}$$

$$= \frac{1.45}{\frac{\pi}{540}}$$

$$= \frac{540 \times 1.45}{\pi} \text{ মিটার}$$

$$= 249.24 \text{ মিটার}$$

∴ উড়ে যাওয়ার মুহূর্তে পাখি ও শিকারির মধ্যবর্তী দূরত্ব 249.24 মিটার হবে। **(Ans.)**

প্রশ্ন ▶ ৯ মঙ্গলগ্রহে অবস্থানরত একজন ব্যক্তির চোখে সূর্যের ব্যাস 21′ কোণ উৎপন্ন করে। মঙ্গলগ্রহের পৃষ্ঠ থেকে সূর্যের দূরত্ব 14,20,00,000 মাইল। [ব্যক্তির উচ্চতা উপেক্ষণীয়]

ক. 21′ কে রেডিয়ানে প্রকাশ কর। ২
খ. সূর্যের ব্যাস বের কর। ৪
গ. সূর্যের ব্যাস তোমার চোখে 28′ কোণ উৎপন্ন করলে সূর্য থেকে তোমার দূরত্ব নির্ণয় কর। ৪

৯নং প্রশ্নের সমাধান

ক $$21' = \frac{21^\circ}{60}$$

আমরা জানি, $180^\circ = \pi$ রেডিয়ান

$$\therefore 1^\circ = \frac{\pi}{180} \text{ ,,}$$

$$\therefore \left(\frac{21}{60}\right)^\circ = \left(\frac{\pi}{180} \times \frac{21}{60}\right) \text{ রেডিয়ান} = \frac{7\pi}{3600} \text{ রেডিয়ান}$$

খ দেওয়া আছে,
মঙ্গলগ্রহের পৃষ্ঠ থেকে সূর্যের দূরত্ব $r_1 = 14,20,00,000$ মাইল
চোখে উৎপন্ন কোণ, $\theta_1 = 21'$

$$= \frac{7\pi}{3600} \text{ রেডিয়ান}$$

সূর্যের ব্যাস S_1 নির্ণয় করতে হবে।
আমরা জানি,
S_1 = চাপের দৈর্ঘ্য
= সূর্যের ব্যাস $= r_1\theta_1$

$$= \left(14,20,00,000 \times \frac{7\pi}{3600}\right) \text{ মাইল}$$

$$= 867428.6 \text{ মাইল}$$

∴ সূর্যের ব্যাস = 8,67,428.6 মাইল **(Ans.)**

গ আমরা জানি,
সূর্যের ব্যাস, $S_2 = 867428.6$ মাইল [(খ)-এ প্রাপ্ত]
চোখে উৎপন্ন কোণ, $\theta_2 = 28'$

$$= \left(\frac{28}{60}\right)^\circ$$

$$= \left(\frac{28}{60} \times \frac{\pi}{180}\right) \text{ রেডিয়ান}$$

$$= \frac{7\pi}{2700} \text{ রেডিয়ান}$$

সূর্য থেকে আমার দূরত্ব, $r_2 = ?$
আমরা জানি,
S_2 = চাপের দৈর্ঘ্য = সূর্যের ব্যাস
$= r_2\theta_2$

বা, $$r_2 = \frac{S_2}{\theta_2} = \frac{867428.6}{\frac{7\pi}{2700}} \text{ মাইল} = \frac{867428.6 \times 2700}{7\pi} \text{ মাইল}$$

$$= 106,499,995.3 \text{ মাইল}$$

∴ সূর্য থেকে আমার দূরত্ব 106,499,995.3 মাইল হবে **(Ans.)**

প্রশ্ন ▶ ১০ কামরুল সাইকেলে চড়ে বৃত্তাকার পথে 15 সেকেন্ডে একটি বৃত্তচাপ অতিক্রম করে। চাপটি কেন্দ্রে 30° কোণ উৎপন্ন করে। বৃত্তের ব্যাস 200 মিটার। [আইডিয়াল গভ. হাইস্কুল, নারায়ণগঞ্জ]

ক. 30° কে রেডিয়ানে ও 7′ কে ডিগ্রিতে প্রকাশ কর। ২
খ. কামরুলের গতিবেগ নির্ণয় কর। ৪
গ. যদি আরও 5 সেকেন্ড বেশী লাগত তাহলে বেগ কত? ৪

১০ নং প্রশ্নের সমাধান

ক $(30)^\circ = 30 \times \frac{\pi}{180}$ রেডিয়ান

$$= \frac{\pi}{6} \text{ ,,}$$

$$= \frac{3.1416}{6} \text{ ,, } [\because \pi = 3.1416]$$

$$= 0.5236 \text{ ,,}$$

এবং $7' = \left(\frac{7}{60}\right)^\circ = 0.1167^\circ$

Ans. 0.5236 রেডিয়ান ও 0.1167° (প্রায়)

খ ধরি, কামরুল ABC বৃত্তের B বিন্দু থেকে যাত্রা করে 15 সেকেন্ড পরে A বিন্দুতে আসে। তাহলে AB চাপ দ্বারা উৎপন্ন কেন্দ্রস্থ কোণ

$$\theta = \angle AOB = 30^\circ = \frac{30\pi^c}{180}$$

$r = OB$ = ব্যাসার্ধ $= \frac{200}{2}$ মিটার

$= 100$ মিটার



ধরি, চাপ AB = s মিটার
আমরা জানি, $s = r\theta$ মিটার

$$= 100 \times \frac{30\pi}{180} \text{ মিটার}$$

$$= \frac{50}{3}\pi \text{ ,,}$$

$$= \frac{50}{3} \times 3.1416 \quad [\because \pi = 3.1416]$$

$\therefore s = 52.36$ মিটার (প্রায়)

∴ কামরুলের গতিবেগ $= \frac{52.36}{15}$ মিটার / সেকেন্ড

$= 3.4906$ মিটার / সেকেন্ড

Ans. 3.4906 মিটার / সেকেন্ড (প্রায়)

www.bdniyog.com

গ খ নং থেকে আমরা পাই

$s = 52.36$ মিটার

যদি আরও 5 সেকেন্ড সময় বেশি লাগত তাহলে মোট সময় হয়

$= (15 + 5) = 20$ সেকেন্ড

তাহলে গতিবেগ হবে $= \frac{52.36 \text{ মিটার}}{20 \text{ সেকেন্ড}} = 2.618$ মিটার / সেকেন্ড

Ans. 2.618 মিটার/ সেকেন্ড। (প্রায়)

প্রশ্ন ▶ ১১ একটি গাড়ীর প্রতিটি চাকা 2 কিলোমিটার পথ যেতে 750 বার আবর্তিত হয়। [সরকারি মুসলিম উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]

ক. চাকাটির ব্যাসার্ধ r হলে, 750 পাক ঘুরায় চাকাটির অতিক্রান্ত দূরত্বকে r এর মাধ্যমে প্রকাশ কর। ২

